

মলয় দাশগুপ্ত

প্রবাহিত রাগ

সবাই ঘুমিয়ে পড়ে, জেগে থাকে কলম।

সে খোঁজে তার নিজস্ব অক্ষর।

অক্ষরের ঘুম নেই, কলম ঘুমিয়ে পড়লে

অক্ষর তাকে পাহারা দেয়।

দুটি পাড় ঘুমিয়ে পড়ে, জেগে থাকে জল

তার প্রবাহিত গল্প নিয়ে....

সবাই ঘুমিয়ে পড়ে, জেগে থাকে ডাকঘর।

কিছু চিঠি ঘরে ফেরে, কিছু যায় বিজনে ওারিয়ে।

ভীড় পেরিয়ে

সবাই তো ট্রেনে উঠে বসে

ভীড়ের মধ্যে ভীড় হয়ে মিশে থাকে,

তাদের টিকিট থাকে, গন্তব্য থাকে,

ফিরে আসা থাকে, থাকে কেনাকাটা

ভীড়ের মধ্যে এমন কি কেউ আছে

যে টিকিটবিহীন, যার কোন স্টেশন নেই

পৃথিবীর কোন চেকার যাকে

আটকে রাখতে পারেনা---

যার চোখ ট্রেনের জানালা দিয়ে পালিয়ে যায় - যায় -